# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**22 DECEMBER 2025 7:45—7:55**

---

(১) আসাম সরকারের বিভিন্ন বিভাগের তিন হাজার ৪২০ জন প্রার্থীকে আজ নিযুক্তি পত্র প্রদান/

(২) ডি আর ডি ও এবং জাতীয় সুরক্ষা বিশ্ববিদ্যালয় প্রতিরক্ষা এবং আভ্যন্তরীণ সুরক্ষার সহযোগিতার জন্য একটি চুক্তি সাক্ষর/

(৩) প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশে সৃষ্টি হওয়া অশান্ত পরিস্থিতি আসাম সরকার গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে বলে আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ/

(৪) পশ্চিম কার্বি-আংলংয়ের ডংকামোকামে প্রতিবাদকারীদের তুলিরাম রংহাংয়ের পৈতৃক বাসগৃহে অগ্নিসংযোগ/ পুলিশের গুলিতে তিনজন আহত/

এবং

(৫) রাজ্যের জলসম্পদ মন্ত্রী পীযূষ হাজারিকার কাছাড় জেলার বিন্নাকান্দিতে বরাক নদীর ভাঙন প্রতিরোধে একটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন/

---

রাজ্য সরকারের বিভিন্ন বিভাগে ৩ হাজার ৪শো ২০ জন প্রার্থীকে আজ নিযুক্তিপত্র প্রদান করা হয়েছে । খানাপাড়ার পশু চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয় খেলার মাঠে আয়োজিত এই নিযুক্তিপত্র প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । মুখ্যমন্ত্রী রাজ্যে স্বচ্ছ প্রক্রীয়ার মাধ্যমে নিযুক্তি সম্পন্ন হওয়ার বিষয়টি উল্লেখ করে বলেন যে রাজ্য সরকারের প্রতিশ্রুতি অনুসারে ১ লক্ষ নিযুক্তি প্রদানের সংখ্যা অনেক আগেই অতিক্রম করেছে । তিনি বলেন যে স্থায়ী পদে ১ লক্ষ

নিযুক্তি প্রদান করা সহ ঠিকাভিত্তিতেও অসংখ্য প্রার্থীকে নিযুক্তি দেওয়া হয়েছে । তিনি বলেন যে প্রতিশ্রুতি পূরণের লক্ষ্যে অগ্রসর হয়েই সরকার ৩টি বিভাগ শিক্ষা , স্বাস্থ্য এবং পুলিশ বিভাগের শূন্য পদ গুলিতে নিযুক্তি প্রদান করার ব্যবস্থা গ্রহণ করেছে । ফলে দরিদ্র পরিবারের বহু যুবক-যুবতী সম্পূর্ণ মেধার ভিত্তিতে নিযুক্ত লাভ করার ফলে ওইসব পরিবার চাপমুক্ত হয়েছে বলে তিনি উল্লেখ করেন । আজকের এই নিযুক্তিপত্র প্রদান অনুষ্ঠানে মন্ত্রী অশোক সিংহল এবং প্রশান্ত ফুকনও উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে চিকিৎসা , শিক্ষা ও গবেষণা সঞ্চালকালয়ের অধীনে ১ হাজার ৯শো ৯৮ জন , স্বাস্থ্য সেবা সঞ্চালকালয়ের অধীনে ৮শো ২৮ জন , স্বাস্থ্য সেবা পরিবার কল্যাণ সঞ্চালকালয়ের অধীনে ৫শো ৯২ জন এবং আয়ুষ সঞ্চালকালয়ের অধীনে ২ জন প্রার্থীকে নিযুক্তিপত্র প্রদান করা হয়েছে ।

উল্লেখ্য যে আজ নিযুক্তি লাভ করা প্রার্থীদের নিয়ে সর্বমোট ১ লক্ষ ৪৫ হাজার ৪শো ৪৯ জন প্রার্থী এ পর্যন্ত নিযুক্তি লাভ করেছেন ।

---

প্রতিরক্ষা গবেষণা এবং উন্নয়ন সংস্থা- ডি আর ডি ও এবং জাতীয় সুরক্ষা বিশ্ববিদ্যালয় প্রতিরক্ষা ও আভ্যন্তরীণ সুরক্ষার ক্ষেত্রে গবেষণা শিক্ষা, প্রশিক্ষণ এবং প্রযুক্তিগত সহযোগিতার জন্য একটি চুক্তি সাক্ষর করেছে । নতুনদিল্লিতে আজ প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংয়ের উপস্থিতিতে বিশিষ্ট এবং প্রতিরক্ষা উৎপাদন সমন্বয় ও সেবা বিনিময় বিভাগের সঞ্চালক প্রধান ডঃ চন্দ্রিকা কৌশিক এবং বিশ্ববিদ্যালয়টির উপাচার্য অধ্যাপক ডঃ বিমল এন প্যাটেল এই চুক্তিতে সাক্ষর করেছেন । এই চুক্তির মাধ্যমে দেশের অমৃতকালে আত্মনির্ভর ভারত গড়ে তোলার দৃষ্টিভঙ্গী নিয়ে প্রতিরক্ষা ও আভ্যন্তরীণ সুরক্ষার সঙ্গে জড়িত প্রযুক্তিগত বিষয়ে আত্মনির্ভরশীলতা সৃষ্টির জন্য শক্তিশালী ব্যবস্থা গ্রহণ করা হবে । এই চুক্তি ভারতের আভ্যন্তরীণ সুরক্ষার ক্ষেত্রে কৌশলগত স্বনির্ভরতা বৃদ্ধি এবং নিরাপত্তা সম্পর্কিত প্রস্তুতি শক্তিশালী করার পাশাপাশি প্রযুক্তি, জ্ঞান ও পূর্বপরিকল্পনার সহায়তায় সংহত ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে প্রতিশ্রুতিবদ্ধতাকে প্রতিফলিত করেছে । এই চুক্তির দ্বারা উভয় প্রতিষ্ঠান সমন্বিতভাবে গবেষণা প্রকল্প, পি এইচ ডি এবং দেশের সুরক্ষার ক্ষেত্রে সামর্থ্য বৃদ্ধির ক্ষেত্রে বিশেষ প্রশিক্ষণ প্রদানের জন্য বৃত্তি প্রদান কার্যসূচি রূপায়ণের ব্যবস্থা করবে । এর দ্বারা নিরাপত্তা ক্ষেত্রে দেখা দেওয়া নিত্যনতুন প্রত্যাহ্বান সমূহের মোকাবিলা করার জন্য অধ্যয়ন, প্রযুক্তি সম্পর্কিত বিশ্লেষণ এবং ভবিষ্যতের প্রয়োজন সম্পর্কে পূর্বাভাস দেওয়ার ক্ষেত্রে সুবিধা হবে ।

প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশে সৃষ্টি হওয়া অশান্ত পরিস্থিতি আসাম সরকার উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে এবং সমগ্র বিষয়টির উপর তীক্ষ্ণ দৃষ্টি রাখা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন ।

#বাইট#

এদিকে প্রতিবেশী রাষ্ট্রটিতে সৃষ্টি হওয়া উদ্বেগজনক পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে রাজ্যের ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী অঞ্চলসমূহে নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী করে তোলা হয়েছে । কাছাড় জেলার কাটিগড়ার নাতানপুর অঞ্চলের ভারত-বাংলাদেশ সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা কঠোর করে তোলা হয়েছে । এই অঞ্চলে দিবারাত্র প্রহরার ব্যবস্থা করা হয়েছে । অনুরূপভাবে দক্ষিণ শালমারা- মানকাচর জেলার সীমান্ত অঞ্চলেও নিরাপত্তা ব্যবস্থা কঠোর করা হয়েছে ।

কেন্দ্রীয় সরকার ইতিমধ্যে বাংলাদেশে ভারত বিরোধী অপপ্রচার সম্পর্কে সেদেশের সরকারকে কার্যকরী ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছে । বৈদেশিক পরিক্রমা মন্ত্রণালয়ের জনৈক মুখপাত্র নতুনদিল্লিতে জানিয়েছেন যে- এক বিজ্ঞপ্তিতে, গত শনিবার নতুনদিল্লিতে থাকা বাংলাদেশ হাইকমিশনারের কার্যালয়ে কতিপয় দুষ্কৃতকারী বলপূর্বক প্রবেশের চেষ্টা চালায় বলে বাংলাদেশের একাংশ সংবাদ মাধ্যমে প্রচারিত খবরকে অপপ্রচার বলে অভিহিত করা হয়েছে ।

অন্যদিকে বাংলাদেশের চট্টগ্রামে থাকা ভারতের সহকারী হাইকমিশনের কাছে হওয়া অপ্রীতিকর ঘটনার পরিপ্রেক্ষিতে সুরক্ষা ব্যবস্থা শক্তিশালী করা হয়েছে । গত শনিবার থেকে চট্টগ্রামের ভারতীয় ভিসা আবেদন কেন্দ্রের সকল কাজকর্ম বন্ধ করে দেওয়া হয়েছে । কেন্দ্রটির প্রকাশ করা বিবৃতি অনুসারে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত চট্টগ্রাম কেন্দ্র থেকে সবধরণের ভিসা সেবা বন্ধ থাকবে এবং সাম্প্রতিক পরিস্থিতির পর্যালোচনার পরই পুনরায় এই সেবা আরম্ভ করা সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া হবে ।

এছাড়া সেদেশের পুলিশ ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরীফ ওসমান হাদির হত্যাকান্ডের মূল অভিযুক্ত ফয়জল করিম মাসুদ দেশ ছেড়ে যাওয়া সম্পর্কে কোনোধরণের নির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি বলে জানিয়েছে । অন্যদিকে সেদেশের মানবাধিকার সংস্থা- আইন ও সালিশ কেন্দ্র সম্প্রতি ময়মনসিংয়ে দীপু চন্দ্র দাস নামের একজনকে বর্বরভাবে হত্যা করা এবং অন্য একটি স্থানে একটি সাত বছরের শিশুকন্যার মৃত্যুর ঘটনার তীব্র নিন্দা

জানিয়েছে । সংস্থা এধরণের ঘটনা দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতি ধ্বংস হওয়ার বিষয়টিকে প্রতিফলিত করে বলে উল্লেখ করে প্রশাসনিক ব্যবস্থা ও নিরাপত্তার সঙ্গে জড়িত ব্যর্থতার তদন্তের আহ্বান জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশে সেদেশের সংখ্যালঘু সম্প্রদায়ের লোকেদের উপর আক্রমণের অভিযোগ করে এর প্রতিবাদে রাজ্যের বিভিন্ন প্রান্তে প্রতিবাদ কার্যসূচি রূপায়ণ করা হচ্ছে । বরাক উপত্যকার শ্রীভূমিতে আজ বাঙালি পরিষদের সদস্যরা শহরের বিসর্জনঘাটে এক ধিক্কার কর্মসূচির আয়োজন করে । প্রতিবাদকারীরা সেদেশের দীপু দাস নামের ব্যক্তির নৃশংস হত্যাকান্ডের কঠোরভাষায় নিন্দা জানিয়ে মহম্মদ ইউনুস নেতৃত্বাধীন বাংলাদেশের অর্ন্তবর্তীকালীন সরকারকে সতর্ক করে দিয়েছেন । তারা এই ঘটনায় কেন্দ্রীয় সরকারকে কঠোর পদক্ষেপ গ্রহণেরও দাবি জানিয়েছেন ।

শিবসাগরে উজান আসাম স্থানীয় মুসলিম কল্যাণ পরিষদ এবং উজান আসাম মুসলিম কল্যাণ পরিষদ আজ বাংলাদেশের সরকার এবং মৌলবাদী সংগঠনের কার্যকলাপের বিরুদ্ধে প্রতিবাদ সাব্যস্ত করেছে । প্রতিবাদকারীরা দীপু দাসের হত্যার ঘটনার নিন্দা জানিয়ে কেন্দ্রীয় সরকারকে ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা মহম্মদ ইউনুস নেতৃত্বাধীন আর্ন্তবর্তীকালীন সরকারের বিরুদ্ধে গণতান্ত্রিক ব্যবস্থা দুর্বল করার পাশাপাশি ভারত বিরোধী পরিবেশ সৃষ্টি করা ছাড়াও উগ্রবাদী মনোভাবকে উৎসাহিত করছে বলে অভিযোগ উত্থাপন করেছেন । একটি সংবাদ প্রতিষ্ঠানকে ই-মেইল'এর মাধ্যমে দেওয়া সাক্ষাৎকারে শেখ হাসিনা দেশটির সাম্প্রতিক পরিস্থিতি ইচ্ছাকৃতভাবে সৃশটি করা হয়েছে বলে উল্লেখ করেছেন। মহম্মদ ইউনুস সন্ত্রাসবাদী কাজকর্মে অভিযুক্ত লোকেদের কারাগার থেকে মুক্ত করে দেওয়া সহ অস্থির অবস্থা সৃষ্টি করতে পারে এমন কিছুসংখ্যক লোকের হাতে ক্ষমতা প্রদান করেছেন বলে অভিযোগ উত্থাপন করে তিনি বলেন যে- কূটনৈতিক কর্মীদের নিরাপত্তা সম্পর্কে নতুনদিল্লির উদ্বেগ ন্যায়সঙ্গত । ভারত ও বাংলাদেশের মিত্রতা কয়েক দশকের পুরনো বলে উল্লেখ করে শেখ হাসিনা বলেন যে- এই মিত্রতা যেকোনো ক্ষণস্থায়ী সরকারের পরিধি অতিক্রম করবে । ধর্মনিরপেক্ষ দৃষ্টিভঙ্গী বাংলাদেশের রাজনীতির অন্যতম গুরুত্বপূর্ণ দিক বলে তিনি উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

জুবিন গার্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে কামরূপ মহানগর জেলা ও দায়রা আদলতে আজ প্রথম শুনানি গ্রহণ করা হয় । আজকের এই শুনানিতে ঘটনার ৭ জন অভিযুক্তকে ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে আদালতে হাজির করা হয় । ৬ জন অভিযুক্তর পক্ষে ধ্রুবজ্যোতি দাস এবং অমৃতপ্রভা মহন্তর পক্ষে গেব্রিয়াল শাহ এই দুজন আইনজীবী যুক্তি প্রদর্শন করেন । আদালত এই শুনানির পরবর্তী দিন আগামী তেসরা জানুয়ারী ধার্য করেছে । উল্লেখ্য যে জুবিন গার্গের মৃত্যুর ঘটনায় হত্যা সম্পর্কীত ধারা সন্নিবিষ্ট থাকার পরিপ্রেক্ষিতে গত ১৬ ডিসেম্বর সমগ্র বিষয়টি বিচারের জন্য কামরূপ মহানগর জেলা ও দায়রা আদলতে প্রেরণ করা হয়েছিল ।

--------------------------------------------------------------------------------

পশ্চিম কার্বি আংলং জেলার ডংকামোকামে পি জি আর এবং ভি জি আর জমি থেকে অবৈধ দখলদারদের উচ্ছেদের দাবীতে কার্বি ছাত্র সংস্থা সহ অন্যান্য কয়েকটি কার্বি জাতীয় সংগঠনের প্রতিবাদ কার্যসূচি আজ হিংসাত্মক রূপ ধারণ করে । একাংশ প্রতিবাদকারী আজ কার্বি আংলং স্বশাসিত পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য তুলিরাম রংহাং-এর পৈতৃক বাসগৃহে অগ্নিসংযোগ করে এবং ওই বাসগৃহের আসবাবপত্র লন্ডভন্ড করে । পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য পুলিশ গুলি চালাতে বাধ্য হওয়ায় ৩ জন প্রতিবাদকারী আহত হন । অন্যদিকে প্রতিবাদকারীদের আক্রমণে ১ জন পুলিশ আহত হয়েছেন বলে জানানো হয়েছে । উল্লেখ্য যে ষষ্ঠ অনুসূচির অধীনে কার্বি আংলং জেলার পি জি আর এবং ভি জি আর জমি থেকে দখলদারদের উচ্ছেদের দাবীতে কার্বি ছাত্র সংস্থা এবং জাতীয় সংগঠনগুলি গত ১৫ দিন ধরে অনশন কার্যসূচি অব্যাহত রেখেছে । এদিকে এই জমি সম্পর্কে গৌহাটি হাইকোর্টে মামলা চলার পরিপ্রেক্ষিতে স্বশাসিত পরিষদ বর্তমানে এ ক্ষেত্রে কোন পদক্ষেপ গ্রহণ করতে পারবে না বলে মুখ্য কার্যবাহী সদস্য তুলিরাম রংহং প্রকাশ করেছেন । ওই অঞ্চলের পরিস্থিতি উত্তেজনাপূর্ণ হলেও বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে বলে পশ্চিম কার্বি আংলং জেলার সংবাদদাতা জানিয়েছেন ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের জল সম্পদ এবং তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রী পীযুষ হাজারিকা দু দিনের বরাক উপত্যকা সফরে আজ শিলচর এসেছেন । মন্ত্রী শ্রী হাজারিকা আজ কাছাড় জেলার লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের বিন্নাকান্দি দ্বিতীয় খন্ডে বরাক নদীর ভাঙ্গন প্রতিরোধে চার কোটি টাকা ব্যয় সাপেক্ষে নদী বাঁধ প্রকল্পের শিলান্যাস করেন । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী হাজারিকা জানান যে মূখ্যমন্ত্রীর নির্দেশে রাজ্যের জলসম্পদ বিভাগে গত চার বছরে এক হাজার কিলোমিটার

নদী বাঁধ নির্মাণ হয়েছে এবং আরো ৭০ কিলোমিটার নদী বাঁধের নির্মাণ কাজ শেষ হওয়ার পথে রয়েছে ।

আজকের অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে রাজ্যের মন্ত্রী কৌশিক রাই , সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------